

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৪২

তারিখ: ২৯/০১/২০২৫


প্রতি

- ১। প্রকল্প পরিচালক (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ৩। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বিষয়: প্রত্যাশিত কার্যসমাপ্তির তারিখ সম্প্রসারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যদি কোন ক্ষতিপূরণের ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারি করা হয়, যার কারণে ঠিকাদার কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত কার্যসমাপ্তির তারিখের মধ্যে কার্যসমাপ্ত করা সম্ভব না হয় তাহলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৫১(৩) অনুযায়ী ক্রয়কারী কার্যসমাপ্তির মূল সময়সীমার ৩০% পর্যন্ত সময় সম্প্রসারিত করবেন। তারপরও যৌক্তিক কোন কারণে ৩০% থেকে ১০০% পর্যন্ত সময়ের সম্প্রসারণের প্রয়োজন হলে তা ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) এবং ব্যতিক্রমী ক্ষেত্রে ১০০% এর অধিক সময় সম্প্রসারণের প্রয়োজন হলে তা সচিব, স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রয়োজন হবে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৫১(৪) অনুযায়ী সময় সম্প্রসারণের আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে তবে কার্যসমাপ্তির সময়সীমা উত্তীর্ণের পূর্বেই সিদ্ধান্ত গ্রহণের বিধান রয়েছে। সে প্রেক্ষিতে যে সকল চুক্তির প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণ প্রয়োজন সে সমস্ত চুক্তির প্রত্যাশিত কার্যসমাপ্তির ঠিকাদারের আবেদন যৌক্তিক কারণ উল্লেখপূর্বক সংশোধিত কর্মপরিকল্পনা (Revised Workplan) ও পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধির প্রমাণকসহ সুপারিশ প্রত্যাশিত কার্যসমাপ্তির তারিখের কমপক্ষে ২১ দিন পূর্বে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, পণ্য, ভৌতসেবা ও বুদ্ধিবৃত্তিক সেবা সমাপ্তির প্রত্যাশিত তারিখ সম্প্রসারণের ক্ষেত্রেও এ নির্দেশনা প্রযোজ্য হবে।

বিষয়টি অতীব জরুরী।


(জাবেদ করিম) ২৯/১/২৫

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।